অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/17/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ডাউনটাউন নায়াগ্রা ফলসের জন্য 5 মিলিয়ন মার্কিন ডলারের ক্ষুদ্র ব্যবসায়িক অনুদানের প্রাপ্যতা ঘোষণা করেন

100,000 মার্কিন ডলার পর্যন্ত ব্যক্তিভিত্তিক অনুদানের জন্য আবেদন এখন যোগ্য ব্যবসার জন্য উপলভ্য

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নায়াগ্রা ফলস স্মল বিজনেস প্রপার্টি ইমপ্রুভমেন্ট প্রোগ্রাম (Niagara Falls Small Business Property Improvement Program) এর জন্য আবেদন উপলভ্য। 5 মিলিয়ন মার্কিন ডলারের এই প্রোগ্রামটি ঐতিহ্যবাহী মিশ্র-ব্যবহারের ব্যবসায়িক ডিস্ট্রিক্টগুলি সংস্কারের জন্য যোগ্য ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানগুলিকে মোট প্রকল্প ব্যয়ের 50 শতাংশ পর্যন্ত অনুদান প্রদান করবে, সম্পত্তি প্রতি 100,000 মার্কিন ডলার পর্যন্ত। ক্ষুদ্র ব্যবসা ও সম্পত্তির মালিকদের মূলধন বাণিজ্যিক উন্নতির জন্য যেমন ফেসেড পুনরুদ্ধার এবং অন্যান্য মিশ্র-ব্যবহারের বিল্ডিং আপগ্রেড করার জন্য ব্যবহার করা যেতে পারে। আংশিকভাবে, একটি ব্যবসা মনোনীত প্রোগ্রাম ডিস্ট্রিক্টের মধ্যে অবস্থিত কিনা তার উপর যোগ্যতা নির্ভর করে। অতিরিক্ত নির্দেশিকা এবং আবেদনের জন্য এখানে ক্লিক করুন। প্রোগ্রামটি আঞ্চলিক সংস্কার অংশীদারিত্বের মাধ্যমে অর্থায়ন করা হয়, তিনটি অন্তঃসংযুক্ত ভৌগোলিক, অঞ্চলে 300 মিলিয়ন মার্কিন ডলারের বেসরকারি এবং সরকারি আঞ্চলিক সহ-বিনিয়োগে: বাফেলো, নায়াগ্রা ফলস ও রচেস্টার।

"নায়াগ্রা ফলস সিটিটি আবার বাড়ছে এবং রাল্ফ সি উইলসন জুনিয়র ফাউন্ডেশন (Ralph C. Wilson Jr. Foundation) ও অন্যান্য বেসরকারি মূলধন প্রদানকারীদের সাথে পাবলিক-প্রাইভেট অংশীদারিত্বের জন্য ধন্যবাদ, আমরা নায়াগ্রা ফলসের মূল বাণিজ্যিক করিডোরকে শক্তিশালী করার জন্য একটি সহযোগিতামূলক পদ্ধতি গ্রহণ করছি," **গভর্নর হোকল বলেন।** "এই ক্ষুদ্র ব্যবসায়িক অনুদান ব্যবসায়ের পরিবেশের উন্নতি, মিশ্র ব্যবহারের সুযোগ বৃদ্ধি ও ফাঁকা স্টোরফ্রন্টে পরিবর্তন নিয়ে আসার মাধ্যমে ডাউনটাউন নায়াগ্রা ফলসের অবিচ্ছিন্ন সংস্কার অব্যাহত রাখতে সহায়তা করবে।"

নায়াগ্রা ফলসের মেয়র রবার্ট রেস্টাইনো বলেন, "নায়াগ্রা ফলসের উন্নয়নে সহায়তা করার জন্য আমরা গভর্নর হোকল ও রাল্ফ সি. উইলসন জুনিয়র ফাউন্ডেশন (Ralph C. Wilson Jr. Foundation) এবং আমাদের ব্যক্তিগত অংশীদারদের প্রতি কৃতজ্ঞতা জানাই। দ্য নায়াগ্রা ফলস স্মল বিজনেস প্রপার্টি ইমপ্রুভমেন্ট প্রোগ্রাম (The Niagara Falls Small Business Property Improvement Program) একটি কমিউনিটি পরিচালিত অর্থনৈতিক রূপান্তর সরবরাহ করতে

সহায়তা করবে যা কেবল ব্যবসা প্রতিষ্ঠানকে আধুনিকীকরণ করবে না বরং একটি উজ্জ্বল এবং বৈষম্যহীন ভবিষ্যত তৈরি করবে।"

রাল্ফ সি. উইলসন জুনিয়র ফাউন্ডেশনের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডেভিড এগনার বলেন, "ওয়েস্টার্ন নিউ ইয়র্ক জুড়ে আমাদের জন্য উদ্যোক্তা ও ক্ষুদ্র ব্যবসায় সহায়তা এবং স্থান-ভিত্তিক অর্থনৈতিক উন্নয়নে বিনিয়োগ করা একটি মূল ফোকাস। ক্রমবর্ধমান ক্ষুদ্র ব্যবসাগুলি উন্নয়নশীল কিমিউনিটি তৈরি করে এবং স্থানীয় সংস্কৃতি ও অর্থনীতিকে প্রতিফলিত এবং শক্তিশালী করতে সহায়তা করে। আমরা বিশ্বাস করি যে নায়াগ্রা ফলস স্মল বিজনেস প্রপার্টি ইমপ্রুভমেন্ট প্রোগ্রাম প্রজন্মের জন্য একটি স্থায়ী প্রভাব তৈরি করার জন্য ক্ষুদ্র ব্যবসায়ের সংস্কারকে অগ্রাধিকার প্রদান করে একটি পার্থক্য তৈরি করতে পারে।"

NFC ডেভেলপমেন্ট কর্পোরেশন (NFC Development Corporation, NFC) এর আগে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) এর মাধ্যমে নায়াগ্রা ফলস স্মল বিজনেস প্রপার্টি ইমপ্রুভমেন্ট প্রোগ্রামের অধীনে মূলধন বিতরণের জন্য স্থানীয় প্রোগ্রামে প্রশাসক হিসেবে কাজ করার জন্য নির্বাচিত হয়েছিল। প্রদত্ত অনুদান চিহ্নিতএলাকাগুলোর মধ্যে অবস্থিত বিল্ডিং ও সম্পদগুলোর আপগ্রেডের জন্য মূলধন প্রদান করবে;এবং ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানগুলো ও সম্পত্তির মালিকদের পৃথক বরাদ্দগুলো নির্দিষ্ট প্রকল্পের চাহিদা ও যোগ্য উপাদানের উপর ভিত্তি করে স্কেল এবং ব্যয়ে পরিবর্তিত হতে পারে। NFC নির্দিষ্ট লক্ষ্যযুক্ত এলাকা (যেমন, পাইন অ্যাভিনিউ, মেইন স্ট্রিট এবং পোর্টেজ রোড)এর মধ্যে দায়বদ্ধ থাকবে, যখন USA নায়াগ্রা ডেভেলপমেন্ট কর্পোরেশন (USA Niagara Development Corporation, USAN), ESD একটি সহযোগী প্রতিষ্ঠান, USAN বর্তমানে USAN এর ডাউনটাউন ডেভেলপমেন্ট ডিস্ট্রিক্টের মত অর্থনৈতিক উন্নয়ন কার্যক্রম পরিচালনা করছে এমন লক্ষ্য এলাকায় কার্যক্রম পরিচালনা করবে। প্রোগ্রামটি নিউ ইয়র্ক স্টেট মেইন স্ট্রিট প্রোগ্রামের অনুকরণে মডেল করা হয়েছে এবং এই লক্ষ্যে ক্ষেত্রতে ব্যবসায়ের অংশগ্রহণকে আরো ভালোভাবে সহজতর করার জন্য তৈরি করা হবে।

ব্যবসা ও সম্পত্তির মালিকগণ যাদের প্রশ্ন রয়েছে তারা হাইল্যান্ড প্ল্যানিং থেকে NFSBPIP প্রশাসনিক কনসালটেন্ট তানিয়া জোয়াহলেনের সাথে https://calendly.com/tanya-zwahlen/nfsbpip অফিসের সময় বুক করতে পারেন অথবা তারা 585-286-7877 নম্বরে কর করে অ্যাপয়েন্টমেন্ট বুক করতে পারবেন।

এই প্রোগ্রামের জন্য মোট স্টেট বিনিয়োগ 3 মিলিয়ন মার্কিন ডলার, সহায়ক ও কর্পোরেট সংস্থাগুলো মোট মূলধনের পরিমাণের জন্য অবশিষ্ট 2 মিলিয়ন মার্কিন ডলার অবদান রাখতে প্রতিশ্রুতিবদ্ধ, যা মূলধন অনুদান ও NFC এর অপারেশনাল সহায়তা উভয়ের জন্য ব্যবহার করা হবে।

রিজিওনাল রিভাইটালাইজেশন পার্টনারশিপ (Regional Revitalization Partnership) নিউ ইয়র্ক স্টেট গভর্নর ক্যাথি হোকল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের এর সংযোগিতায় বিকশিত হয়েছিল এবং রাল্ফ সি. উইলসন, জুনিয়র ফাউন্ডেশন (Ralph C. Wilson, Jr. Foundation), ESL,

কীব্যাংক (KeyBank)/ফার্স্ট নায়াগ্রা ফাউন্ডেশন (First Niagara Foundation), M&T ব্যাংক এবং বাফেলো, নায়াগ্রা ফলস ও রচেস্টার সিটিতে অংশীদারদের মাধ্যমে সমর্থিত।

USA নায়াগ্রা ডেভেলপমেন্ট কর্পোরেশন (USA Niagara Development Corporation) সম্পর্কে

USAN, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের একটি সহযোগী প্রতিষ্ঠান, যা নায়াগ্রা ফলসের অর্থনৈতিক উন্নয়ন উদ্যোগের সমর্থন ও প্রচারের জন্য ব্যক্তিগত বিনিয়োগের সুবিধা নিতে এবং নায়াগ্রা ফলস শহরের পর্যটন শিল্পের বৃদ্ধি ও পুনর্নবীকরণকে উৎসাহিত করার জন্য নিবেদিত। আরো তথ্যের জন্য, দেখুন https://esd.ny.gov/usa-niagara-development-corporation-6।

NFC উন্নয়ন কর্পোরেশন সম্পর্কে

NFC একটি অলাভজনক কর্পোরেশন যা নায়াগ্রা ফলস সিটি কর্তৃক বেকারত্ব দূরীকরণ ও হ্রাস করার জন্য কর্মসূচি সরবরাহ করার জন্য তৈরি করা হয়েছে; কর্মসংস্থানের সুযোগ উন্নত করা এবং বজায় রাখা; নতুন ব্যবসা আকৃষ্ট করতে বা ব্যবসা ও শিল্প বজায় রাখতে সহায়তা প্রদান, ক্ষুদ্র ব্যবসায়িক উদ্বেগের জন্য সাহায্য/সহায়তা প্রদান; ক্ষুদ্র ব্যবসাকে সহায়তা ও সুবিধাজনক করার উদ্দেশ্যে অনুদান/ঋণ গ্রহণ এবং নায়াগ্রা ফলসের অর্থনৈতিক উন্নয়নকে গতিশীল করার জন্য ক্ষুদ্র ব্যবসার সাথে প্রয়োজনীয় চুক্তি, ঋণ এবং চুক্তিতে প্রবেশ করা।

অঞ্চলিত সংস্কার অংশীদ্বারিত্ব সম্পর্কে:

রিজিওনাল রিভাইটালাইজেশন পার্টনারশিপ (Regional Revitalization Partnership, RRP) একটি 300 মিলিয়ন মার্কিন ডলারের বিস্তৃত অর্থনৈতিক উন্নয়ন কৌশল এবং পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ যা বাফেলোর পূর্ব সাইড, নায়াগ্রা ফলস ও রচেস্টারের জন্য বাড়তি বিনিয়োগের প্রভাব বৃদ্ধি করে এবং লাভ করে। এই কমিউনিটি-পরিচালিত সহযোগিতামূলক কৌশলটি অর্থনৈতিক উন্নয়নের জন্য একটি সামগ্রিক, বিস্তৃত পদ্ধতি গ্রহণ করে এবং একাধিক পদ্ধতির মাধ্যমে কমিউনিটির সম্পদ তৈরি করার জন্য ডিজাইন করা হয়েছে। RRP নিউ ইয়র্ক স্টেট গভর্নর ক্যাথি হোকল ও এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) এর সংযোগিতায় তৈরি করা হয়েছিল এবং রাল্ফ সি উইলসন, জুনিয়র ফাউন্ডেশন (Ralph C. Wilson, Jr. Foundation), ফারাশ ফাউন্ডেশন (Farash Foundation), ESL, কীব্যাংক / ফার্স্ট নায়াগ্রা ফাউন্ডেশন (KeyBank/First Niagara Foundation), M&T ব্যাংক এবং বাফেলো, নায়াগ্রা ফলস ও রচেস্টার সিটিতে অংশীদারদের মাধ্যমে সমর্থিত।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন